



# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

## নিয়োগ বিজ্ঞপ্তি

নং-রেজি/প্রশা(টিচিং)/২০২১-২০২২/০১

তারিখ : ১০-১০-২০২১

নিম্নলিখিত পদসমূহ পূরণের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :-

বিভাগ/ইনস্টিটিউট	পদের নাম	পদের সংখ্যা
১। ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি	সহকারী অধ্যাপক (স্থায়ী)	১টি
	প্রভাষক (অস্থায়ী)	২টি
২। ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ	প্রভাষক (স্থায়ী)	২টি
৩। পাবলিক হেলথ এন্ড ইনফরমেশন বিভাগ	প্রভাষক (স্থায়ী)	৩টি
	প্রভাষক (অস্থায়ী)	৩টি

জাতীয় বেতন স্কেলে বেতনক্রম	:
সহকারী অধ্যাপক	: ৩৫,৫০০-৬৭,০১০/-
প্রভাষক	: ২২,০০০-৫৩,০৬০/-

### শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা :

**সহকারী অধ্যাপক :** প্রার্থীর এস.এস.সি. ও এইচ.এস.সি. উভয় ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ১ম বিভাগ ও গ্রেডিং পদ্ধতিতে বিজ্ঞান শাখায় জিপিএ ৪.২৫ (৫.০০ স্কেলে) থাকতে হবে। আবেদনকারীদের ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি বিষয়ে স্নাতক(সম্মান)/সমমান ও স্নাতকোত্তর/সমমান উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৩.৬০ (৪.০০ স্কেলে) থাকতে হবে। এবং

(ক) প্রার্থীদের কমপক্ষে ৪ (চার) বছরের শিক্ষাদান/পেশাগত অভিজ্ঞতা তন্মধ্যে ডিগ্রী, অনার্স এবং/অথবা পোস্ট গ্র্যাজুয়েট পর্যায়ে প্রভাষক হিসেবে ২ (দুই) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা এবং স্বীকৃত জার্নালে গবেষণা কাজের প্রকাশনা/স্বীকৃত উচ্চমানের প্রকাশনা থাকতে হবে; অথবা

(খ) এম.ফিল. অথবা সমমানের ডিগ্রী এবং প্রভাষক হিসেবে এক বছরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ স্বীকৃত জার্নালে গবেষণা কাজের প্রকাশনা/স্বীকৃত উচ্চমানের প্রকাশনা থাকতে হবে; অথবা

(গ) পি.এইচ.ডি অথবা সমমানের ডিগ্রী/বিদেশী পদ্ধতিতে সমমানের ডিগ্রি থাকতে হবে।

**প্রভাষক :** প্রার্থীর এস.এস.সি. ও এইচ.এস.সি. উভয় ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ১ম বিভাগ ও গ্রেডিং পদ্ধতিতে বিজ্ঞান ও বাণিজ্য শাখায় জিপিএ ৪.২৫ (৫.০০ স্কেলে) থাকতে হবে। আবেদনকারীদের ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি/ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিষয়ে স্নাতক (সম্মান)/সমমান ও স্নাতকোত্তর/সমমান উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৩.৬০ (৪.০০ স্কেলে) থাকতে হবে।

পাবলিক হেলথ এন্ড ইনফরমেশন বিভাগে প্রভাষক পদে আবেদনকারীদের এস.এস.সি. ও এইচ.এস.সি. উভয় ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ১ম বিভাগ ও গ্রেডিং পদ্ধতিতে বিজ্ঞান শাখায় জিপিএ ৪.২৫ (৫.০০ স্কেলে) থাকতে হবে। প্রার্থীর পাবলিক হেলথ এন্ড ইনফরমেশন, পরিসংখ্যান, নৃবিজ্ঞান বিষয়ে স্নাতক (সম্মান)/সমমান ও স্নাতকোত্তর/সমমান উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৩.৬০ (৪.০০ স্কেলে) থাকতে হবে।

এই বিশ্ববিদ্যালয়ে অস্থায়ীভাবে নিয়োজিত শিক্ষকদের ক্ষেত্রে উপরোক্ত ন্যূনতম শিক্ষাগত যোগ্যতার শর্ত প্রযোজ্য হবে না।

প্রার্থীদের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। ৭ (সাত) সেট আবেদনের প্রতি সেটের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, নম্বরপত্র, গবেষণামূলক প্রকাশনার কপি ও অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত অনুলিপি দিতে হবে। দরখাস্তের সাথে ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং রেজিস্ট্রারের অনুকূলে অগ্রণী ব্যাংকের যে কোন শাখা থেকে ৬০০/- (ছয়শত) টাকার ব্যাংক ড্রাফট অথবা অগ্রণী ব্যাংক লিঃ জাবি শাখার সি.ডি.-৬৮ একাউন্টে ৬০০/- (ছয়শত) টাকা জমাদানের রশিদ সংযুক্ত করতে হবে। জমাকৃত টাকা/ড্রাফট ফেরতযোগ্য নয়। বেতন নির্ধারণের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেলের নীতিমালা অনুসরণ করা হবে। চাকরির প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আগ্রহী প্রার্থীগণ অফিস চলাকালীন সকাল ৮-৩০ থেকে দুপুর ২-৩০টা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর অফিস থেকে বিজ্ঞপ্তির কপি এবং আবেদন ফরম সংগ্রহ করতে পারবেন। ওয়েবসাইট [www.juniv.edu](http://www.juniv.edu) থেকেও উক্ত ফরম সংগ্রহ করা যাবে। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ : ২৬-১০-২০২১

ডিজি-২০২১/২১ (৮'x৪)

স্বাক্ষর/-রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)